



জুবাইদা রহমান পৌঁছেছেন এভারকেয়ার হাসপাতালে



সংগৃহীত ছবি

ঢাকার শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে সরাসরি এভারকেয়ার হাসপাতালে পৌঁছেছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের স্ত্রী জুবাইদা রহমান।

শুক্রবার দুপুর ১২টার দিকে হাসপাতালে তার আগমন ঘটে।

তিনি বৃহস্পতিবার সন্ধ্যা ৬টার দিকে লন্ডন থেকে দেশে ফিরেছেন। ঢাকা পৌঁছানোর আগে বাংলাদেশ বিমানের বিজি-৩০২ বিমানটি সকাল পৌনে ১১টার দিকে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে।

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর জানান, কারিগরি সমস্যার কারণে আজ কাতার আমিরের বিশেষ এয়ার অ্যাঙ্কুলেপ্স সরাসরি ঢাকায় আসতে পারেনি। এর ফলে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে লন্ডনে নেওয়ার প্রক্রিয়া কিছুটা বিলম্বিত হচ্ছে।

তিনি আরও বলেন, খালেদা জিয়ার শারীরিক অবস্থা যদি বিদেশ যাত্রার উপযোগী থাকে এবং মেডিকেল বোর্ড অনুমোদন দেয়, তাহলে আগামী রোববার (৭ ডিসেম্বর) তিনি উন্নত চিকিৎসার জন্য দেশে ছাড়বেন।